গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই)
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
১/ক সেগুনবাগিচা, ঢাকা-১০০০
www.imli.gov.bd

unesco

০৫ই অগ্রহায়ণ ১৪৩২
তারিখঃ
২০শে নভেম্বর ২০২৫

স্মারক নংঃ ৩৭.২৬.০০০০.০০০.০০০.২৩.০০০১.২৫-৮৮৫

বিষয়ঃ আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট কর্তৃক আয়োজিত লিঙ্গুইস্টিক অলিম্পিয়াড ২০২৬-এ মেধাবী শিক্ষার্থীসহ অধিক সংখ্যক শিক্ষার্থীর অংশগ্রহণ নিশ্চিতকরণে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আঞ্চলিক কর্মকর্তাদের নির্দেশনা প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৬ উদ্‌যাপন উপলক্ষ্যে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই) কর্তৃক তৃতীয়বারের মতো লিঙ্গুইস্টিক অলিম্পিয়াড আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ আয়োজনের মাধ্যমে দেশব্যাপী ভাষা সম্পর্কিত জ্ঞান ও কুইজভিত্তিক প্রতিযোগিতার ব্যবস্থা করা হয়েছে। ইতোমধ্যে ৩টি অঞ্চলে (সিলেট, বরিশাল ও খুলনা) লিঙ্গুইস্টিক অলিম্পিয়াড অনুষ্ঠিত হয়েছে। প্রতিযোগিতাটি অনুষ্ঠিত হয় ২টি ক্যাটাগরিতে। ক-ক্যাটাগরিঃ ষষ্ঠ থেকে নবম শ্রেণি এবং খ-ক্যাটাগরিঃ দশম থেকে দ্বাদশ শ্রেণি। এ লক্ষ্যে অনলাইনে রেজিস্ট্রেশনের জন্য আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের ওয়েবসাইট www.imli.gov.bd-এ প্রবেশ করে রেজিস্ট্রেশন (সংশ্লিষ্ট অঞ্চলে প্রতিযোগিতা অনুষ্ঠিত হওয়ার আগের দিন পর্যন্ত) করা যাবে।

২। বর্ণিত অবস্থায় সংশ্লিষ্ট অঞ্চলের স্বনামধন্য স্কুল ও কলেজের মেধাবী শিক্ষার্থীদের সক্রিয় অংশগ্রহণ নিশ্চিতকরণের লক্ষ্যে উক্ত অঞ্চলের শিক্ষা অফিসারগণের জন্য নিম্নোক্ত বিষয়সমূহ অনুসরণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

- সংশ্লিষ্ট অঞ্চলের স্বনামধন্য স্কুল ও কলেজের ১০/১৫ জন করে মেধাবী শিক্ষার্থীসহ অধিক সংখ্যক শিক্ষার্থীর অংশগ্রহণ নিশ্চিত করা।
- যে সকল শিক্ষার্থী ইতোমধ্যে অনলাইনে রেজিস্ট্রেশন করেছে, তাদের প্রতিযোগিতায় অংশগ্রহণ নিশ্চিত করা। (তালিকা প্রতিযোগিতার পূর্বে প্রেরণ করা হবে)

সংযুক্তিঃ ক) 'লিঙ্গুইস্টিক অলিম্পিয়াড-২০২৬' বিজ্ঞপ্তির ১ কপি।
খ) অঞ্চল ভিত্তিক প্রতিযোগিতার ভেন্যু, তারিখ ও সময়সূচি।

২০.১১.২০২৫
(অধ্যাপক ড. মুহাম্মদ আসাদুজ্জামান)
পরিচালক
আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট
ফোনঃ ০২-৮৩৯১৩৪৬
ই-মেইলঃ imli.moebd@gmail.com

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
১৬, আব্দুল গণি রোড, ঢাকা-১০০০।
দৃষ্টি আকর্ষণঃ ক. জনাব মোঃ নুরুল হক সিকদার, উপপরিচালক (কলেজ-১), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
খ. জনাব মোঃ ইউনুছ ফারুকী, উপপরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং-৩৭.০২.০০০০.১০৩.৯৯.০১৬.২০২১- ১৬১১

তারিখ: ২৩/১১/২০২৫খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো:

০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০২। পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;
০৩। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল (সংযুক্ত পত্রের নির্দেশনা অনুসরনের অনুরোধসহ);
০৪। পি এ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;
০৫। সংরক্ষণ নথি।

২৩/১১/২৫
(মুহাম্মদ সফিউল বশর)
সহকারী পরিচালক (কলেজ-১)

৭১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
১/ক সেগুনবাগিচা, ঢাকা-১০০০
www.imli.gov.bd

স্মারক নং: ৩৭.২৬.০০০০.০০০.০০০.২৩.০০০১.২৫-৮৬৬

তারিখ: ০৫ই অগ্রহায়ণ ১৪৩২ / ২০শে নভেম্বর ২০২৫

বিষয়: 'লিঙ্গুইস্টিক অলিম্পিয়াড-২০২৬' সকল অঞ্চলের সময়সূচি প্রকাশ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৬ উদ্‌যাপন উপলক্ষ্যে দেশব্যাপী লিঙ্গুইস্টিক অলিম্পিয়াড অনুষ্ঠিত হবে। উক্ত আয়োজনের সময়সূচি নিম্নরূপ:

লিঙ্গুইস্টিক অলিম্পিয়াড-২০২৬ এর ভেন্যুর তালিকা:

| ক্রম. | তারিখ | বিভাগ/অঞ্চল | ভেন্যু | পরীক্ষার সময় |
|---|---|---|---|---|
| ১. | ০১/১১/২০২৫ শনিবার (প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে) | সিলেট | সরকারি অগ্রগামী বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ, সিলেট | সকাল: ১০-১১টা |
| ২. | ০৭/১১/২০২৫ শুক্রবার (প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে) | বরিশাল | বরিশাল সরকারি মডেল স্কুল এন্ড কলেজ, বরিশাল | সকাল: ১০-১১টা |
| ৩. | ০৮/১১/২০২৫ শনিবার (প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে) | খুলনা | দেলদার আহমেদ সরকারি মাধ্যমিক বিদ্যালয়, খুলনা | সকাল: ১০-১১টা |
| ৪. | ১৩/১২/২০২৫ শনিবার | রাজশাহী | রাজশাহী সরকারি মহিলা কলেজ, রাজশাহী | সকাল: ১০-১১টা |
| ৫. | ১৯/১২/২০২৫ শুক্রবার | ময়মনসিংহ | মুমিনুন্নিসা সরকারি মহিলা কলেজ ময়মনসিংহ, ময়মনসিংহ | সকাল: ১০-১১টা |
| ৬. | ০২/০১/২০২৬ শুক্রবার | কুমিল্লা | আনন্দ মাল্টিমিডিয়া স্কুল এন্ড কলেজ, গৌরীপুর, কুমিল্লা | সকাল: ১০-১১টা |
| ৭. | ০৩/০১/২০২৬ শনিবার | নারায়ণগঞ্জ | হেরিটেজ স্কুল, চাষাড়া, নারায়ণগঞ্জ | সকাল: ১০-১১টা |
| ৮. | ১০/০১/২০২৬ শনিবার | রংপুর | রংপুর জিলা স্কুল, রংপুর | সকাল: ১০-১১টা |
| ৯. | ১৭/০১/২০২৬ শনিবার | চট্টগ্রাম | ডা. খাস্তগীর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় জামালখান, চট্টগ্রাম। | সকাল: ১০-১১টা |
| ১০. | ২৪/০১/২০২৬ শনিবার | ঢাকা | আজিমপুর গভর্নমেন্ট গার্লস স্কুল এন্ড কলেজ, ঢাকা | সকাল: ১০-১১টা |
| ১১. | জানুয়ারি মাসে সুবিধাজনক সময়ে | চূড়ান্ত পর্ব | আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট, ঢাকা | সকাল: ১০-১১টা |

২০/১১/২০২৫

(ড. খিলফাত জাহান যুবাইরাহ্)
উপপরিচালক(প্রশাসন)
ও
সদস্য-সচিব
লিঙ্গুইস্টিক অলিম্পিয়াড উপকমিটি
আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই)
ফোন: ০২-৫৫১৩০১১৮
ই-মেইল: imli.moebd@gmail.com

unesco

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই)
www.imli.gov.bd

# [illegible]

মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৬ উদ্‌যাপন উপলক্ষ্যে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট তৃতীয়বারের মতো দেশব্যাপী লিঙ্গুইস্টিক অলিম্পিয়াডের আয়োজন করতে যাচ্ছে। এ আয়োজনের মাধ্যমে শিক্ষার্থীদের মধ্যে মাতৃভাষা চর্চা, প্রচার ও প্রসার ঘটানো ইনস্টিটিউটের মূল লক্ষ্য। আগামী ৩১/১০/২০২৫ তারিখ থেকে লিঙ্গুইস্টিক অলিম্পিয়াড আরম্ভ হবে। প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে ২টি ক্যাটাগরিতে। ক-ক্যাটাগরি: ষষ্ঠ থেকে নবম শ্রেণি এবং খ-ক্যাটাগরি: দশম থেকে দ্বাদশ শ্রেণি। এ লক্ষ্যে অনলাইনে রেজিস্ট্রেশনের জন্য আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের ওয়েবসাইট www.imli.gov.bd-এ প্রবেশ করে রেজিস্ট্রেশন করা যাবে। এছাড়া স্মার্টফোনের মাধ্যমে QR Code স্ক্যান করেও রেজিস্ট্রেশন ফরম পূরণ করা যাবে।

প্রতিযোগিতার অঞ্চল: ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, সিলেট, রংপুর, ময়মনসিংহ, নারায়ণগঞ্জ ও কুমিল্লা।

রেজিস্ট্রেশনের সময়সীমা: ২৩/০৯/২০২৫ থেকে ১৫/১০/২০২৫ পর্যন্ত।

লিঙ্গুইস্টিক অলিম্পিয়াড এর ভেন্যু ও সময়সূচি: আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের ওয়েবসাইট www.imli.gov.bd-এ আগামী ২২শে অক্টোবর ২০২৫ তারিখের পর প্রকাশ করা হবে।

২১.৯.২০২৫

(অধ্যাপক ড. মুহাম্মদ আসাদুজ্জামান)
পরিচালক
আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই)

বি.দ্র: লিঙ্গুইস্টিক অলিম্পিয়াড-২০২৬ সংক্রান্ত সকল আপডেট ও বিস্তারিত তথ্যের জন্য আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের ওয়েবসাইট www.imli.gov.bd ভিজিট করার জন্য অনুরোধ করা হলো।

ডিজি-১৩১৮/২৫ (৫"x৩)